# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২৮১৩

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৫৯. নাবী (ﷺ) এর নামসমূহ

باب فِي أَسْمَاءِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

### আরবী

أَخْبَرَنَا الْحَكَمُ بْنُ نَافِعٍ أَخْبَرَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ عَنْ الزُّهْرِيِّ قَالَ أَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّ لِي أَسْمَاءً أَنَا مُحَمَّدٌ وَأَنَا أَحْمَدُ وَأَنَا الْمَاحِي الَّذِي يَمْحُو اللَّهُ بِيَ الْكُفْرَ وَأَنَا الْحَاشِرُ الَّذِي يُحْشَرُ النَّاسُ عَلَى قَدَمِي وَأَنَا الْعَاقِبُ وَالْعَاقِبُ الَّذِي لَيْسَ بَعْدَهُ أَحَدٌ

### বাংলা

২৯১৩. যুবাইর ইবনু মুত’ইম রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি: “আমার অনেকগুলো নাম আছে। আমি মুহাম্মাদ, আমি আহমাদ এবং আমি ’মাহী’- আমার দ্বারা আল্লাহ্‌ তা’আলা সমস্ত কুফরী দূর করবেন। আমি ’হাশির’, আমার পেছনে সমস্ত মানুষকে একত্রিত করা হবে এবং আমি ’আকিব’, সকলের শেষে আগমনকারী, যার পরে কেউ নেই।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, মানাকিব ৩৫৩২; মুসলিম, বিরর ওয়াস সুলহ ২৩৫৪।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৭৩৯৫ ও সহীহ ইবনু হিব্বান নং ৬৩১৩ ও মুসনাদুল হুমাইদী নং ৫৬৫ তে। আরও দেখুন, ফাতহুল বারী ৬/৫৫৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত‘ইম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83098

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন